

সূতি পাট (তিতা)

জাত :- জে.আর.চি ২১২ (সবুজ সোনা), জে.আর.চি ৭৪৪৭(শ্যামলী)

সময় :- ফাল্গুন-চৈত্র।

বীজের পরিমাণ :- ১.০-১.৫ কেজি প্রতি কানি।

বীজ শোধন :- হাল্কা রোদেবীজ ভালো করে শুকিয়ে প্রতি কেজি বীজের সাথে ১ গ্রাম ম্যাকোজেবএবং ১ গ্রাম কার্বেনডাজিম বীজ বোনার ৭-১০ দিন আগে ভালো করে মিশিয়ে নিতে হবে।

জমি তৈরী :- ২-৩ বার চাষ দিয়ে মূল জমি তৈরি করুন। প্রথম চাষে ভাল ভাবে আগাছা পরিষ্কার করে ৭-১০ দিন ফেনেরাখুন। দ্বিতীয় চাষে ভাল ভাবে জমি তৈরি করে লাইনে বীজ বুনুন।

সারের পরিমাণ এবং সার প্রয়োগের সময় :-

গোবর সার বা খামার পঁচা সার - ১০০০-১২০০ কেজি,

ইউরিয়া ২৮ কেজি

সুপার ফসফেট ৪০ কেজি

পটাশ ১৫ কেজি

পি.এইচ.বি ও অ্যাজোটোব্যাক্টর ২ কেজি

সম্পূর্ণ গোবর সার প্রথম চাষে মাটিতে প্রয়োগ করুন। মূল জমি তৈরী করার সময় অর্ধেক পরিমাণ

ইউরিয়া, সম্পূর্ণ জীবানু সার, সুপার ফসফেট এবং পটাশ শেষ চাষে প্রয়োগ করুন। বাকী পরিমাণ

ইউরিয়া দুই বারে বীজ বুনার ২৫ দিন এবং ৪৫ দিন বাদে প্রয়োগ করুন।

দূরত্ব :- সারি থেকে সারি ৩০ সেমি এবং ৫ সেমি গভীরে বীজ বুনতে হবে।

লাগাবার নিয়ম :- ‘জো’ বুঝে জমি তৈরী করুন। ‘জো’ না থাকলে শেষ চাষের এক দুদিন আগে হাল্কা সেচ দিন। ২-৩ মি দূরে দূরে হাল্কা করে সেচেরালা তৈরী করুন।

অন্তর্বর্তী পরিচর্যা :- ১-২ বার ভাল করে আগাছা পরিষ্কার করুন এবং গাছের সংখ্যা নিটব্বন করুন। প্রয়োজন বুঝে সেচ দিন।

সময় কাল :- ১২০-১৪০ দিন।

উৎপাদন :- কানি প্রতি ২.০-২.৫ বেলসা।